

Wer bist Du?

তুমি কে?

এক নজরে ব্যাকরণ

প্রথম পাঠে আপনারা ভাষাশিক্ষা পাঠক্রমের প্রধান চরিত্রদের সংগে পরিচিত হবেন। জার্মান ভাষা শেখার বিষয়টি সহজ করার জন্য কিছু কিছু কৌশলের কথা আবার বলা হবে। ব্যাকরণের কোনো নতুন বিষয় এই পাঠে নেই। ভাষাশিক্ষা পাঠক্রমের আখ্যানভাগের ঘটনাস্থল হচ্ছে একটি হোটেল - হোটেল অয়রোপা। এটি আখেন শহরে অবস্থিত।

জার্মান ভাষায় যখন সংলাপগুলি শুনবেন তখন মনে রাখবেন যে প্রতিটি শব্দ আলাদা আলাদা ক'রে বোঝার দরকার নেই। চেষ্টা করবেন যা বলা হচ্ছে তার সারমর্মটি বুঝতে। বিভিন্ন শব্দের অর্থ নিজেরাই আন্দাজ ক'রে নিতে পারবেন অথবা কিছু কিছু শব্দ হয়তো আপনাদের পরিচিত মনে হবে - অন্য পরিচিত ভাষার শব্দের সংগে মিল আছে বলে। নীচের দৃশ্যটি বোঝার চেষ্টা করুনঃ

এক ভদ্রমহিলা আভাস্তি থিয়েটার খুঁজছেন।

Frau: Entschuldigen Sie bitte: Wo ist das Avanti-Theater?
Mann: Das Avanti-Theater? Das Avanti-Theater? Hm – das weiß ich nicht.

পরবর্তী দৃশ্যগুলি প্রথম বইটি থেকে নেওয়া হয়েছে। এই দৃশ্যগুলিতে আপনারা ভাষাশিক্ষা পাঠক্রমের প্রধান চরিত্রদের সংগে পরিচিত হবেনঃ

1. Ex: একটি কাল্পনিক মহিলা চরিত্র। ল্যাটিন ভাষায় **Ex**-এর অর্থ 'থেকে'। আন্দ্রেয়াস ওর এই নাম দিয়েছে কারণ আন্দ্রেয়াস যখন 'কোলনের হাইনৎসেলমেনশেন' নামে বইটা পড়ছিল তখন সেই বই থেকে এক্স লাক্সিয়ে উঠে এসেছিল। এক্স অদৃশ্য!
Ex নিজের পরিচয় দিচ্ছে এভাবেঃ

Ex: Hallo! Hallo! Da bin ich!
Andreas: Wer bist du?
Ex: Ich bin ...
Andreas: Wer bist du?
Ex: Ich bin ich.

2. Andreas Schäfer: ছাত্র এবং সে হোটেল অয়রোপার রিসেপশনিস্ট হিসেবে কাজ করে অর্থ উপার্জন করে।

3. Dr. Thürmann: হোটেল অয়রোপার নিয়মিত অতিথি।

Dr. Thürmann: Sagen Sie mal: Was machen Sie?
Andreas: Studieren.
Dr. Thürmann: Was studieren Sie?
Andreas: Journalistik.

4. Hanna Clasen: হোটেল কক্ষের পরিচারিকা।

Hanna: Sie sind neu hier, oder? Ich glaube, Sie sind der Portier.
Andreas: Stimmt! Und ich bin Student.
Hanna: Was denn: Student oder Portier?
Andreas: Student und Portier.

5. Frau Berger: হোটেলের (মহিলা) ম্যানেজার।

ফ্রাউ বেগার সবসময় যে রহস্যপূর্ণ কণ্ঠস্বরটি শুনতে পান সেটি কার তা তিনি জানতে চান (এখানে একস্-এর কণ্ঠস্বরের কথা বলা হচ্ছে)। ফ্রাউ বেগার এই স্বরটিকে বলেন আন্দ্রেয়াসের 'দ্বিতীয় স্বর'।

Frau Berger: Ich trinke ein Mineralwasser. Und Sie?
Andreas: Ein Bier.
Frau Berger: Und Ihre zweite Stimme?
Ex: Einen Orangensaft.
Frau Berger: Ziemlich frech, Ihre zweite Stimme.

পরের দৃশ্যে ডঃ থুরমান ফ্লুতে আক্রান্ত এক রোগীকে দেখছেন।

Herr Meier: Aber meine Beine, meine Beine sind so schwer!
Dr. Thürmann: Nun, Sie haben eine Grippe. Das ist nicht so schlimm.

Wörter und Wendungen

শব্দ ও প্রয়োগ

Herzlich willkommen! স্বাগতম/সাদর অভ্যর্থনা জানাই!
das Theater থিয়েটার

Übungen


অনুশীলনী

1 শূণ্যস্থানে প্রধান চরিত্রদের পেশা কি তা লিখুন (আর্টিকেল বা নির্দেশক ছাড়া)

1. Andreas ist _____ und _____.
2. Frau Berger ist _____.
3. Hanna ist _____.
4. Dr. Thürmann ist _____.

2 শূন্যস্থানগুলি পূরণ করুন এবং শব্দগুলি পাশের ছকটিতে লিখুন। ছকটিতে লেখা শেষ হ'লে মোটা দাগের ঘরগুলিতে লেখা অক্ষরগুলি ওপর থেকে নীচে পড়লে এক্স-এর প্রিয় শব্দটি পাবেন। এই শব্দটি পরে লিখুন।

1. সম্বোধনের মার্জিত রূপটি কি?
Was machen _____?
2. আন্দ্রেয়াস কি কাজ করে?
Ich glaube, Sie sind der _____.
3. প্রশ্নসূচক সর্বনামটি কি?
_____ denn: Student oder Portier?
4. কঠিনের জার্মান শব্দটি কি?
Ziemlich frech, Ihre zweite _____.
5. ডঃ থুরমান কোন্ শহরে থাকেন?
Er wohnt in _____.
6. জার্মান ভাষার কোন্ শব্দটি বিশেষণের ওপর জোর দেয়?
Meine Beine sind _____ schwer.
7. জার্মান ভাষার কোন্ শব্দটি বিশেষণের ওপর জোর দেয়?
Das ist nicht _____ schlimm.



এক্স-এর প্রিয় শব্দটি হ'লঃ

3 নিম্নলিখিত বাক্যগুলি ঠিক ছকটিতে লিখুন।

1. Wer bist du?
2. Ich bin Student.
3. Was studieren Sie?
4. Sind Sie Student oder Portier?
5. Sie sind neu hier, oder?
6. Sagen Sie mal:
7. Wer spricht denn da?
8. Ich sehe nur Sie.
9. Gehen wir zusammen essen?
10. Ich bin doch Bauchredner.
11. Meine Beine sind so schwer.
12. Das ist mein Geheimnis.

I

	Verb	
1. Wer	bist	du?

II

	Verb	
4. Sind	Sie Student oder Portier?	